কালের কণ্ঠ

তারিখ ..20 NOV 2017...
পৃষ্ঠা ...১৩... কলাম ...১...

# শিক্ষার্থীদের পুরস্কারের জন্য ১১ লাখ বই হস্তান্তর

নিজস্ব প্রতিবেদক ▷

মাধ্যমিক শিক্ষার মানোন্নয়ন প্রকল্প 'সেকেন্ডারি এডুকেশন কোয়ালিটি অ্যান্ড অ্যাকসেস অ্যানহান্সমেন্ট প্রজেক্টের (সেকায়েপ)' উদ্যোগে প্রায় ১১ লাখ বই পুরস্কার হিসেবে স্কুল ও মাদ্রাসার ছাত্রছাত্রীদের মধ্যে বিতরণ করা হবে। সেকায়েপের পক্ষ থেকে এসব বই গতকাল রবিবার বিশ্বসাহিত্য কেন্দ্রের কাছে আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করা হয়। বিশ্ব সাহিত্যকেন্দ্র মিলনায়তনে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষার্থীদের মধ্যে বই পড়ার অভ্যাস গড়ে তুলতে হবে। জগৎকে জানতে হলে পাঠ্য বইয়ের বাইরে আরো বই পড়তে হবে। শিক্ষার্থীদের নৈতিক মূল্যবোধসম্পন্ন আদর্শ নাগরিক হিসেবে গড়ে তুলতে এর বিকল্প নেই। পাঠাভ্যাস উন্নয়ন কর্মসূচির আওতায় ২০১৭ সালে ২২ লাখ শিক্ষার্থী বই পড়ায় অংশ নিয়েছে।' সেকায়েপ প্রকল্প পরিচালক ড. মো. মাহামুদ-উল-হকের সভাপতিত্বে অনুষ্ঠানে মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব মো. সোহরাব হোসাইন, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক ড. এস এম ওয়াহিদুজ্জামান বক্তৃতা করেন।